গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd

স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৫.৯৯.০০৯.২০১৯(অংশ- ১)/৬০৭১/৪ তারিখ: ২৯/০৮/২০২৪খ্রি.

বিষয় : ২০১৬ সালের ৩১ ডিসেম্বর পর্যন্ত বিভিন্ন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ডিগ্রী স্তরে গভর্নিংবডি কর্তৃক নিয়োগপ্রাপ্ত তৃতীয় শিক্ষক হিসেবে এমপিওভুক্ত ও এমপিও বিহীন শিক্ষকদের তথ্য প্রেরণ সংক্রান্ত।

সূত্র: (১) শিক্ষা মন্ত্রণালয়ের পত্র নং- ৩৭.০০.০০০০.০৭৪.০০২.০০১.২০১৭(অংশ- ১).৪৮; তারিখ: ১৩/০৩/২০২৪খ্রি.
(২) মাউশির পত্র নং- ৩৭.০২.০০০০.১০৫.৯৯.০০৯.২০১৬(অংশ- ১)/৫৭৯৭; তারিখ: ২২/১১/২০২৩খ্রি.
(৩) শিক্ষা মন্ত্রণালয়ের পত্র নং- ৩৭.০০.০০০০.০৭৪.০০২.০০১.২০১৭-৫০; তারিখ: ১৫/০৩/২০২৩খ্রি.
(৪) মাউশির পত্র নং- ৩৭.০২.০০০০.১০২.৯৯.০০১.২০২৩/২৫৯৪; তারিখ: ২৯/০৮/২০২৪খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের পত্র নং- ৩৭.০০.০০০০.০৭৪.০০২.০০১.২০১৭(অংশ- ১).৮৮; তারিখ: ১৩/০৩/২০২৪খ্রি. মোতাবেক ২০১৬ সালের ৩১ ডিসেম্বর পর্যন্ত বিভিন্ন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ডিগ্রী স্তরে গভর্নিংবডি কর্তৃক নিয়োগপ্রাপ্ত তৃতীয় শিক্ষকদের শর্তাদি পূরণ সাপেক্ষে এমপিওভুক্ত করার জন্য শিক্ষা মন্ত্রণালয় হতে অনুরোধ করা হয়েছে।

শর্তসমূহ:

(ক) শিক্ষা প্রতিষ্ঠানটি ডিগ্রী স্তর এমপিওভুক্ত থাকতে হবে:

(খ) নীতিমালা অনুযায়ী তৃতীয় শিক্ষকের নিয়োগকালীন কাম্য যোগ্যতা ও অভিজ্ঞতা থাকতে হবে এবং বিধিমোতাবেক নিয়োগপ্রাপ্ত হয়ে কর্মরত থাকতে হবে;

(গ) এ বিভাগের ০৬ এপ্রিল ২০২৩ তারিখে নং ৩৭.০০.০০০০.০৯৮.০২৭.০০২.২০১৯.৬৬ স্মারকে জারিকৃত পরিপত্রের নির্দেশনা অনুযায়ী ব্যানবেইসে অনলাইনে সংগৃহীত শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের ডাটাবেইসে সংরক্ষিত তথ্যাদির সহিত আবশ্যিকভাবে তুলনামূলক যাচাই বাছাই করতে হবে। ডাটাবেইসে তথ্য যথাযথ না থাকলে কোনো তৃতীয় শিক্ষককে এমপিওভুক্ত করা যাবে না;

(ঘ) শিক্ষা মন্ত্রণালয়ের ১৯ অক্টোবর ২০১৬ তারিখের নং ৩৭.০০.০.০৭৩.০৮.০০৬.১৬-৩৫৪ পত্রের নির্দেশনা অনুযায়ী ৩১ ডিসেম্বর ২০১৬ তারিখের মধ্যে নিয়োগপ্রাপ্ত তৃতীয় শিক্ষকদের এমপিওভুক্ত করতে হবে;

(ঙ) তৃতীয় শিক্ষক নিয়োগ করা হয়নি এরূপ প্রতিষ্ঠানে নতুনভাবে কোনো তৃতীয় শিক্ষক নিয়োগ করা যাবে না;

(চ) নীতিমালা অনুযায়ী প্রতিষ্ঠানে বিষয় ভিত্তিক কাম্য শিক্ষার্থী (জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি তথ্য অনুযায়ী) থাকতে হবে। তবে বর্তমানে কাম্য শিক্ষার্থী না থাকায় কোন শিক্ষক এমপিওভুক্ত হতে না পারলে পরবর্তীতে কাম্য শিক্ষার্থী পূরণ হলে মন্ত্রণালয়ের অনুমতিক্রমে এমপিওভুক্ত হতে পারবে;

(ছ) নীতিমালা অনুযায়ী যোগ্য তৃতীয় শিক্ষকদের এমপিওভুক্তির পর, উক্ত এমপিওপ্রাপ্ত শিক্ষকদের নাম, পদবী, বিষয়, প্রতিষ্ঠানের নাম ও শিক্ষার্থীর সংখ্যাসহ প্রতিবেদন আগামী ৬ (ছয়) মাসের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;

(জ) প্রতিষ্ঠানে কাম্য শিক্ষার্থীর সংখ্যা (বিষয় ভিত্তিক) যথাযথ থাকতে হবে। তা না হলে ব্যক্তি এমপিওপ্রাপ্ত হবে না।

শিক্ষা মন্ত্রণালয়ের পত্র নং- ৩৭.০০.০০০০.০৭৪.০০২.০০১.২০১৭(অংশ- ১).৮৮; তারিখ: ১৩/০৩/২০২৪খ্রি.পত্রের নির্দেশানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার নিমিত্ত বর্ণিত বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য জুলাই/২০২৪ মাসের বিশেষ এমপিও সভায় উপস্থাপন করা হয়। মাউশি অধিদপ্তরের এমপিও সভার রেজুলেশনের স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৭.৯৯.২৬৭.২০২২(অংশ-১).১৩৯১; তারিখ: ২৯/০৮/২০২৪খ্রি. মোতাবেক ক্রমিক নং-০৯ এ নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

জুলাই/২০২৪ মাসের বিশেষ এমপিও কমিটির সভার সিদ্ধান্ত নিম্নরুপ :

১.শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭৪.০০২.০০১.২০১৭(অংশ-১).৮৮;তারিখ:১৩/০৩/ ২০২৪ খ্রি.পত্রের নির্দেশনা মোতাবেক ৭২৬ জন (তালিকা সংযুক্ত) ৩য় শিক্ষকের প্রয়োজনীয় সকল কাগজপত্র যাচাই বাছাই সাপেক্ষে এমপিওভুক্তির যোগ্য ডিগ্রী স্তরে গভর্নিংবডি কর্তৃক নিয়োগপ্রাপ্ত তৃতীয় শিক্ষকদের এমপিওভুক্তির জন্য আঞ্চলিক পরিচালক(সকল) কে পত্র দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।

২. ২০১৬ সালের ৩১ ডিসেম্বর পর্যন্ত বিভিন্ন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ডিগ্রী স্তরে গভর্নিংবডি কর্তৃক নিয়োগপ্রাপ্ত অবশিষ্ট কত জন কে কি কারণে তৃতীয় শিক্ষক হিসেবে এমপিওভুক্তির জন্য বিবেচনা করা যায়নি তার সুস্পষ্ট কারণ মন্তব্যে উল্লেখসহ তালিকা প্রেরণ করার জন্য পরিচালক, আঞ্চলিক কার্যালয় (সকল) কে নির্দেশনা প্রদান এবং আঞ্চলিক কার্যালয় (সকল) হতে প্রাপ্ত তালিকা শিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

এমতাবস্থায়, শিক্ষা মন্ত্রণালয়ের পত্র নং-৩৭.০০.০০০০.০৭৪.০০২.০০১.২০১৭(অংশ-১).৮৮;তারিখ:১৩/০৩/২০২৪খ্রি.পত্রের শর্ত "ছ" মোতাবেক এবং অবশিষ্ট কত জনকে কি কারণে ডিগ্রী স্তরে তৃতীয় শিক্ষক হিসেবে এমপিওভুক্তির জন্য বিবেচনা করা যায়নি তার সুস্পষ্ট কারণ মন্তব্যে কলামে উল্লেখসহ (সংযুক্ত ছক মোতাবেক) তালিকা/তথ্য জরুরী ভিত্তিতে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

শিক্ষা মন্ত্রণালয়ের শর্ত "ছ" মোতাবেক এমপিওভুক্ত শিক্ষকদের তথ্য প্রেরণের ছক

তালিকার নাম(ক/খ/গ/ঘ/ঙ)	তালিকার ক্রমিক নং	শিক্ষকের নাম,পদবী ও বিষয়	প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	শিক্ষার্থীর সংখ্যা	মন্তব্য

অবশিষ্ট এমপিওবিহীন শিক্ষকদের তথ্য প্রেরণের ছক

তালিকার নাম(ক/খ/গ/ঘ/ঙ)	তালিকার ক্রমিক নং	শিক্ষকের নাম ও পদবী	প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	মন্তব্য

২৯/০৮/২৪
(হাবিবুর রহমান)
উপপরিচালক (কলেজ- ২)
ফোন নং- ০২৪১০৫০২৪৪
Email-ncollege@dshe.gov.bd

পরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/কুমিল্লা/বরিশাল/রংপুর/ময়মনসিংহ/সিলেট অঞ্চল

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা(পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ);
০৩। পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
০৪। সংরক্ষণ নথি।